
# চা বুলেটিন

বাংলাদেশ চা বোর্ড | সংখ্যা : ০১, ডিসেম্বর ২০২১



*'সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ' অনুষ্ঠানে বাংলাদেশ চা বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারী*

## চা বোর্ডে বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপিত

বাংলাদেশ চা বোর্ডে গত ১৬ ডিসেম্বর ২০২১-এ মহান বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং তাঁর পরিবারের সকল সদস্যসহ মুক্তিযুদ্ধে বীর শহিদ ও যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের জন্য বিশেষ দোয়া, সূর্যোদয়ের সাথে-সাথে জাতীয় পতাকা উত্তোলন, শিশুদের চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতা, আলোচনাসভা, বিজয়ের সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষের শপথ অনুষ্ঠানে ভার্চুয়ালি অংশগ্রহণসহ দিনব্যাপী কর্মসূচি পালন করা হয়।

বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি মহোদয় বিজয় দিবস ও বিজয়ের সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ ছাড়াও বোর্ডের সদস্য (অর্থ ও বাণিজ্য) ড. নাজনীন কাউসার চৌধুরী, ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মাদ রুহুল আমীন, উপ-পরিচালক (পরিকল্পনা) জনাব মুনির আহমদ, ভারপ্রাপ্ত উপ-পরিচালক (বাণিজ্য) জনাব মুহাম্মদ মদহুল কবীর চৌধুরীসহ বোর্ডের সকল শ্রেণির কর্মকর্তা ও কর্মচারী এসময় উপস্থিত ছিলেন।

## 'চট্টগ্রাম চা নিলাম কেন্দ্র' পরিদর্শন ও ব্যবসায়ীদের সাথে মতবিনিময়

বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম এনডিসি, পিএসসি গত ৯ আগস্ট, ২০২১-এ নগরীর আগ্রাবাদে অবস্থিত চট্টগ্রাম চা নিলাম কেন্দ্রের নিলাম-কার্যক্রম পরিদর্শন-শেষে টিটিএবি এবং চা-ব্রোকার প্রতিনিধিদের সাথে মতবিনিময় করেন।

এ সময় চা বোর্ডের সদস্য (গবেষণা ও উন্নয়ন) ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নুরুল আলম চৌধুরী, সদস্য (অর্থ ও বাণিজ্য) ও যুগ্মসচিব ড. নাজনীন কাউসার চৌধুরী, সচিব (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মাদ রুহুল আমীন, বিপণন কর্মকর্তা জনাব আহসান হাবিব, টিটিএবি-র সভাপতি জনাব ওমর হান্নান, চা-ব্রোকার ও ওয়্যারহাউজ প্রতিনিধিসহ চা-ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন।



▲ *টিটিএবি ও ব্রোকার-প্রতিনিধিদের সাথে মতবিনিময়*

*'চট্টগ্রাম চা নিলাম কেন্দ্রে' ক্রেতাদের মাঝে বক্তব্য রাখছেন চা বোর্ড চেয়ারম্যান* ▼



# বান্দরবানে চা চাষ সম্প্রসারণে মতবিনিময় সভা অনুষ্ঠিত




*মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন চা বোর্ড চেয়ারম্যান*

বাংলাদেশ চা বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন 'এক্সটেনশন অব স্মল হোল্ডিং টি কাল্টিভেশন ইন চট্টগ্রাম হিল ট্র্যাক্টস'-শীর্ষক প্রকল্পের আওতায় বান্দরবান পার্বত্য জেলায় ক্ষুদ্র পর্যায়ে চা-চাষ সম্প্রসারণের লক্ষ্যে বান্দরবান চা চাষি কল্যাণ সমবায় সমিতি লি:-এর নেতৃবৃন্দের সাথে গত ১৯ আগস্ট, ২০২১-এ উপজেলার সুয়ালকে চা বোর্ড আঞ্চলিক কার্যালয়ে এক মতবিনিময়-সভা অনুষ্ঠিত হয়। বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

বাংলাদেশ চা বোর্ডের উপ-পরিচালক (পরিকল্পনা) জনাব মুনির আহমদের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বোর্ডের সদস্য (গবেষণা ও উন্নয়ন) ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নুরুল আলম চৌধুরী এবং সচিব (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মাদ রুহুল আমীন। এ ছাড়া উক্ত অনুষ্ঠানে সঞ্চালনার দায়িত্ব পালন করেন প্রকল্প-পরিচালক জনাব সুমন সিকদার।



*বান্দরবানে ক্ষুদ্র চাষিদের বাগান পরিদর্শনে চা বোর্ড চেয়ারম্যান*

## চা বোর্ড চেয়ারম্যান কর্তৃক বিটিআরআই এবং পিডিইউ পরিদর্শন



*চা বোর্ড চেয়ারম্যানের সাথে বিটিআরআই-এর বৈজ্ঞানিক কর্মকর্তাদের মতবিনিময়*

বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান গত ১৯ সেপ্টেম্বর ২০২১-এ বাংলাদেশ চা বোর্ডের অধীন বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউট (বিটিআরআই) এবং প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) পরিদর্শন করেন। এ সময় বিটিআরআই ও পিডিইউ-এর পরিচালকবৃন্দ ও অন্যান্য কর্মকর্তা তাঁকে ফুলেল শুভেচ্ছা দিয়ে বরণ করেন। পরিদর্শনকালে চেয়ারম্যান মহোদয় বিটিআরআই ও পিডিইউ ক্যাম্পাস, ব্ল্যাক-টি ফ্যাক্টরি, গ্রিন-টি ফ্যাক্টরি, বিলাশছড়া পরীক্ষণ খামার পরিদর্শন করেন। এ ছাড়াও তিনি বৈজ্ঞানিক কর্মকর্তাদের সাথে একটি মতবিনিময় সভায় মিলিত হন এবং চা-শিল্পের উন্নয়নে বিভিন্ন দিক-নির্দেশনা প্রদান করেন।

## উত্তরাঞ্চলের চা-শিল্পের অংশীজনদের নিয়ে মতবিনিময় সভা

বাংলাদেশ চা বোর্ডের উদ্যোগে উত্তরাঞ্চলের চা-শিল্পের সাথে সম্পৃক্ত অংশীজনদের নিয়ে গত ১৭ অক্টোবর ২০২১-এ পঞ্চগড় সার্কিট হাউজে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মো: আব্দুল মান্নানের সভাপতিত্বে এক মতবিনিময়-সভা অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এর আগে গত ১৬ অক্টোবর ২০২১-এ বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান পঞ্চগড়স্থ বাংলাদেশ চা বোর্ড আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় এবং ল্যাবরেটরি, প্রশিক্ষণ কেন্দ্র ও ভিপি চা নার্সারি পরিদর্শন করেন। এ ছাড়াও তিনি বাংলাদেশ চা বোর্ড, পঞ্চগড় কার্যালয়ের "উন্নত জাতের চায়ের ক্লোনাল প্রদর্শনী" প্লট উদ্বোধন করেন। ভবিষ্যতে এ-প্লটের উচ্চ ফলনশীল ও গুণগতমানসম্পন্ন উন্নত জাতের চায়ের ক্লোন গাছ থেকে পঞ্চগড়ের চাষিদের কাটিং ও চারা সরবরাহ করা হবে।




*চা-শিল্পের অংশীজনদের নিয়ে মতবিনিময়*

# লালমনিরহাট জেলায় ক্ষুদ্র পর্যায়ে চা-চাষ
## সম্প্রসারণের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিট কর্তৃক লালমনিরহাট জেলায় ক্ষুদ্র পর্যায়ে চা চাষ সম্প্রসারণের লক্ষ্যে গত ২০ অক্টোবর ২০২১-এ একটি উদ্বুদ্ধকরণ-কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি।

কর্মশালায় অন্যান্যের মধ্যে আরও উপস্থিত ছিলেন প্রকল্প উন্নয়ন ইউনিটের ভারপ্রাপ্ত পরিচালক ড. এ. কে. এম. রফিকুল হক, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ শামীম আল মামুন ও লালমনিরহাট চা প্রকল্পের পরিচালক জনাব মো: আরিফ খান, হাতিবান্ধা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব মো: আনোয়ার হোসেন মিরু, সোমা এন্ড সোমা টি এস্টেট-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মো: ফেরদৌস আলমসহ হাতিবান্ধা ও পাটগ্রাম উপজেলার সফল চা-চাষি ও চা-চাষে আগ্রহী কৃষকবৃন্দ। এর আগে ১৯ অক্টোবর জেলা প্রশাসকের কার্যালয়ে এক মতবিনিময়-সভাও অনুষ্ঠিত হয়।




*লালমনিরহাটে ক্ষুদ্র পর্যায়ে চা আবাদ সম্প্রসারণে উদ্বুদ্ধকরণ কর্মশালা*




*লালমনিরহাট জেলা প্রশাসকের কার্যালয়ে ক্ষুদ্র পর্যায়ে চা চাষ সম্প্রসারণের সমস্যা ও সমাধান বিষয়ক মতবিনিময় সভা*



*চা চাষে উৎসাহ প্রদান বিষয়ে কর্মশালায় চা বোর্ড চেয়ারম্যান*



*ক্ষুদ্র চা-বাগান পরিদর্শন করছেন চা বোর্ড চেয়ারম্যান*

# কক্সবাজার জেলায় ক্ষুদ্র পর্যায়ে চা-চাষ
## সম্প্রসারণের লক্ষ্যে উদ্বুদ্ধকরণ কর্মশালা

কক্সবাজার জেলায় আগ্রহী ব্যক্তিদের চা-চাষে আরও উদ্বুদ্ধ করতে গত ২৮শে অক্টোবর, ২০২১-এ কক্সবাজার সদর উপজেলার ঝিলংজা হর্টিকালচার সেন্টারে বাংলাদেশ চা বোর্ডের প্রকল্প উন্নয়ন ইউনিট (পিডিইউ) কর্তৃক এক উদ্বুদ্ধকরণ-কর্মশালা আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি মহোদয়।




*কক্সবাজারে চা-চাষে আগ্রহীদের মাঝে বক্তব্য রাখছেন চা বোর্ড চেয়ারম্যান*



*শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ*

# চা বোর্ডে শেখ রাসেল দিবস উদ্‌যাপিত

বাংলাদেশ চা বোর্ডে গত ১৮ অক্টোবর, ২০২১-এ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৮তম জন্মদিন ও শেখ রাসেল দিবস ২০২১ উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষ্যে সকাল ৯:৩০ ঘটিকায় চা বোর্ড প্রধান কার্যালয়ের সম্মুখে শেখ রাসেলের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। বাংলাদেশ চা বোর্ডের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ সকল কর্মকর্তা-কর্মচারী এ-সময় উপস্থিত ছিলেন।

## বান্দরবানে 'সম্প্রীতি লিফ কালেকশন সেন্টার' চালু

ক্ষুদ্রায়তন চা-চাষিদের কাঁচা চা-পাতা সংগ্রহের সুবিধার্থে বান্দরবান সদর উপজেলার শ্যারণ পাড়ায় গত ১৬ই নভেম্বর, ২০২১-এ 'সম্প্রীতি লিফ কালেকশন সেন্টার' উদ্বোধন করা হয়। বাংলাদেশ সেনাবাহিনীর ২৪ পদাতিক ডিভিশনের অর্থায়নে নির্মিত লিফ কালেকশন সেন্টারের উদ্বোধনী অনুষ্ঠানে জেনারেল অফিসার কমান্ডিং, ২৪ পদাতিক ডিভিশন ও চট্টগ্রাম এরিয়া কমান্ডার মেজর জেনারেল মো: সাইফুল আবেদীন, বিএসপি, এসজিপি, এনডিসি, পিএসসি প্রধান অতিথি এবং বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, ৬৯ পদাতিক ব্রিগেডের ব্রিগেড-কমান্ডার ব্রিগেডিয়ার জেনারেল খন্দকার জিয়াউল হক, এনডিসি, পিএসসি, বাংলাদেশ চা গবেষণা ইনস্টিটিউটের পরিচালক ড. মোহাম্মদ আলী, বাংলাদেশ চা বোর্ডের উপ-পরিচালক (পরিকল্পনা) জনাব মুনির আহমদ, বান্দরবান চা চাষি কল্যাণ সমবায় সমিতির নেতৃবৃন্দসহ ক্ষুদ্রায়তন চা চাষিবৃন্দ, বান্দরবানের বিভিন্ন মৌজার হেডম্যান-কারবারি ও গণমাধ্যম-কর্মীরা। বাংলাদেশ চা বোর্ড কর্তৃক পরিচালিত সিএইচটি প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব সুমন সিকদার অনুষ্ঠানটি সঞ্চালনা করেন।




*সম্প্রীতি লিফ কালেকশন সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে অতিথিবৃন্দ*







## শুদ্ধাচার পুরস্কার
### ২০২০-২১ প্রদান

২০২০-২১ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল ও কর্মপরিকল্পনা যথাযথ বাস্তবায়নের মাধ্যমে জনসেবা প্রদানে বাংলাদেশ চা বোর্ড, প্রধান কার্যালয়, চট্টগ্রাম-এর গ্রেড ১ থেকে ১০ ক্যাটাগরিতে জনাব মুনির আহমদ, উপ-পরিচালক (পরিকল্পনা) শ্রেষ্ঠ কর্মকর্তা এবং গ্রেড ১১ থেকে ২০ ক্যাটাগরিতে জনাব মো: ইমরান হোসেন, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচিত হয়েছেন। বাংলাদেশ চা বোর্ডের সম্মানিত চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি মহোদয় গত ২৬ অক্টোবর ২০২১-এ চা বোর্ডের সম্মেলন কক্ষে নির্বাচিতদের শুদ্ধাচার কৌশল ও কর্ম পরিকল্পনা বাস্তবায়নে শ্রেষ্ঠত্বের স্বীকৃতিস্বরূপ শুদ্ধাচার পুরস্কার সম্মাননা ক্রেস্ট ও সনদ প্রদান করেন। এ সময় বোর্ডের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

এ ছাড়াও কর্মক্ষেত্রে উত্তম চর্চার স্বীকৃতি হিসেবে চেয়ারম্যান মহোদয় কর্তৃক নিরাপত্তা-প্রহরী জনাব মো. ফারুক হোসেনকে পুরস্কৃত করা হয়।

## কাপ্তাই ওয়াগ্গাছড়া চা বাগান
### পরিদর্শনে চা বোর্ডের চেয়ারম্যান



*চা বোর্ড চেয়ারম্যানের সাথে ওয়াগ্গাছড়া চা বাগানের শ্রমিকদের ফটোসেশন*

বাংলাদেশ চা বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম, এনডিসি, পিএসসি গত ৩ অক্টোবর, ২০২১-এ কাপ্তাই উপজেলার ওয়াগ্গাছড়া চা বাগান পরিদর্শন করেন। এ সময় তিনি বাগানে বিটি-২ জাতের চারা রোপণ এবং শারদীয় দুর্গাপুজা উপলক্ষ্যে বাগানের চা-শ্রমিকদের মাঝে বস্ত্র বিতরণ করেন।

পরিদর্শনকালে বাংলাদেশ চা বোর্ডের সদস্য (গবেষণা ও উন্নয়ন) ও অতিরিক্ত সচিব জনাব মোহাম্মদ নুরুল আলম চৌধুরী, বোর্ডের ভারপ্রাপ্ত সচিব জনাব মোহাম্মাদ রুহুল আমীন, উপ-পরিচালক (পরিকল্পনা) জনাব মুনির আহমদ, ওয়াগ্গা টি লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক জনাব আমিনুর রশীদ কাদেরী, বাগানের শ্রমিক-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



*বাগানের চা শ্রমিকদের মাঝে বস্ত্র বিতরণ করছেন চা বোর্ড চেয়ারম্যান*

সম্পাদনা পর্ষদ

প্রধান উপদেষ্টা : **মেজর জেনারেল মো: আশরাফুল ইসলাম**, এনডিসি, পিএসসি; চেয়ারম্যান, বাংলাদেশ চা বোর্ড
উপদেষ্টা : **ড. নাজনীন কাউসার চৌধুরী**, যুগ্মসচিব ও সদস্য (অর্থ ও বাণিজ্য)
সম্পাদক : **মোহাম্মাদ রুহুল আমীন**, সচিব (ভারপ্রাপ্ত)
সহযোগী সম্পাদক : **মো: রাজিবুল হাসান**, জনসংযোগ ও শ্রমকল্যাণ কর্মকর্তা
প্রকাশনায় : **বাংলাদেশ চা বোর্ড**, ১৭১-১৭২, বায়েজিদ বোস্তামী রোড, নাসিরাবাদ, চট্টগ্রাম।